


ISSN 2278-6171 (Atmabikash)

ଆତ୍ମାବିକାଶ

ସାହିତ୍ୟ ପତ୍ରିକା

ATMA BIKASH BI-LINGUAL LITERARY PERIODICAL MAGAZINE
VOLUME : 13 ISSUE-FOURTH : MARCH'19 TO MAY'19



କବି ସୁଭାଷ ମୁଖୋପାଧ୍ୟାୟ ସଂଖ୍ୟା

ଓ

ଢୋଡ଼ପତ୍ର କିରୀତେଶ୍ଵରୀ ସେନାଶୁଷ୍ଠ

ତ୍ରୟୋଦଶ ବର୍ଷ - ଚତୁର୍ଥ ସଂଖ୍ୟା

ମାର୍ଚ୍ଚ '୧୯ - ମେ' ୧୯

আত্মবিকাশ

দ্বি-ভাষিক ত্রৈমাসিক সাহিত্য পত্রিকা

শুরু ২০০৫ থেকে ত্রয়োদশ বর্ষ ৪র্থ সংখ্যা

রেজিট্রেশন ২০০৯ থেকে নবম বর্ষ ৪র্থ সংখ্যা

কবি সুভাষ মুখোপাধ্যায় সংখ্যা ও ক্রোড়পত্র কিরণশঙ্কর সেনগুপ্ত

প্রকাশ কাল : জুলাই, ২০১৯

॥ সূচীপত্র ॥

সম্পাদকীয়

হারানো দিনের লিপি / নীলরতন রায়

৫

প্রবন্ধ :

সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় কলকাতা / অরুণ সেন

৭

জনতার কবি সুভাষ / শীতল চৌধুরী

১৯

সম্পাদক কবি সুভাষ / ডঃ জয়গোপাল মণ্ডল

২৭

কবি সুভাষ ও সলঝেলিংসিন-নন্দিত ও নিন্দিত দুই প্রতিবাদী/তরুণ মুখোপাধ্যায়

৩৫

সুভাষ মুখোপাধ্যায়ের গল্পে মধ্যবিত্ত বাঙ্গালী /খোকন কুমার বাগ

৩৯

শ্রমিকদের মিছিলে কর্মী কবি সুভাষ / প্রণব সেন

৪৬

সুভাষের গোর্কি, সুভাষের হিকমত : অনুবাদবীক্ষা / ঋতম মুখোপাধ্যায়

৫৩

সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় রাজনৈতিক ভাবনা / নজরুল ইসলাম

৬৩

শতবর্ষের অমরতায় কবি সুভাষ / পাপড়ি ভট্টাচার্য

৭১

সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় গ্রাম জীবন / ডঃ অর্ষেন্দু সরকার

৭৯

সুভাষ মুখোপাধ্যায় ছোটদেরও / পার্থজিৎ গঙ্গোপাধ্যায়

৮৫

অভিনব ডিসকোর্সের পাঁচটি উপন্যাস-সুভাষ মুখোপাধ্যায় /বর্ণালী ঘোষ দস্তিদার

৯২

জেল জীবনের দিনগুলি / অত্র ঘোষ

১০৫

সুভাষ মুখোপাধ্যায়ের চিঠি / নৃসিংহকুমার ভট্টাচার্য

১১০

সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় পুরাণ প্রসঙ্গ/ সম্পত কুণ্ডু

১২৭

সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় লোকায়ত উপাদান / পূজা সোনকার

১৩৮

কাব্যশৈলী বিচারে সুভাষ মুখোপাধ্যায়ের কবিতা / দেবারতি জানা

১৪৭

সুভাষ মুখোপাধ্যায়ের সংক্ষেপিত বাঙ্গালীর ইতিহাসের পরিচয় /সুদেষ্কা গাঙ্গুলী

১৭১

চিরপদাতিক সুভাষ মুখোপাধ্যায়ের জীবন ও কবিতা / শিবেন্দু শেখর চক্রবর্তী

১৭৮

ক্রোড়পত্র :

কিরণশঙ্কর সেনগুপ্তের প্রথম কাব্যগ্রন্থ স্বপ্ন-কামনার ভূমিকা /জীবনানন্দ দাশ

১৯৭

কিরণশঙ্কর সেনগুপ্ত : এক কবিজীবন তপন বন্দ্যোপাধ্যায়

২০১

স্মরণীয় যারা বরণীয় তাঁরা / তরুণ মুখোপাধ্যায়

২১০

সাহিত্য চিন্তা -সম্পাদক কিরণশঙ্কর সেনগুপ্ত / প্রভাত কুমার দাস

২১৫

প্রগতি আন্দোলন ও কিরণশঙ্কর সেনগুপ্ত /সুমিতা চক্রবর্তী

২২৫

কবি কিরণশঙ্কর সেনগুপ্ত : মুক্ত বিহঙ্গ / ডঃ প্রদীপ ঘোষ

২৪০

সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় রাজনৈতিক ভাবনা নজরুল ইসলাম

কবিতামধুসূদন মনের শ্রেষ্ঠ পুষ্প বলেছেন — ‘মনের উদ্যান মাঝে, কুসুমের সার কবিতা-কুসুম-রত্ন!’ আর কবি সম্পর্কে তাঁর উপলব্ধি — ‘সেই কবি মোর মতে, কল্পনা সুন্দরী যার মনঃ-কমলেতে পাতেন আসন’; অর্থাৎ কবি ও কবিতা উভয়ই মন বা কল্পনা নির্ভর। এই মধুভাষ্যে আস্থা রেখেও এবং ‘কবি তব মনোভূমি রামের জন্মস্থান অযোধ্যার চেয়েও সত্য জেনো’ মনে রেখেও আমরা কবিতায় বাস্তবতার উপরই জোর দিতে চাই। সরোজ দত্ত একটি কবিতায় বলেছেন,

‘কবিতা শ্লোগান হয়ে উঠছে বলে

দুঃখ করছো,

যদিও কবিতা শ্লোগান হয়ে উঠছে

না বলে দুঃখ

করোনি। আমার দুঃখ এইখানেই।’

আপাতভাবে মনে হতে পারে, সরোজ দত্ত শ্লোগানকেই কবিতা বলতে চেয়েছেন। কিন্তু না, কবিতার শ্লোগান হয়ে ওঠা বলতে তিনি কল্পনার পরিবর্তে কবিতার বাস্তবলগ্নতাকেই বোঝাতে চেয়েছেন। এই বাস্তবতার দিক থেকেই আমাদের বিচার্য হবে সুভাষ মুখোপাধ্যায়ের কবিতা। স্বাভাবিক ভাবেই সেই বাস্তবতায় সম্পৃক্ত থাকবে রাজনৈতিক ভাবনা।

সুভাষ মুখোপাধ্যায়ই সেই বাঙালি কবি, যিনি প্রেম বা প্রকৃতিকেই কাব্যের বিষয় করে তোলেননি, বিষয় করে তুলেছিলেন রাজনীতি, মাটি আর মানুষকে। বলেছিলেন, ‘আমি চাই কবিতা দিয়ে / মানুষের হাতগুলিকে এমনভাবে কাজে লাগাতে / যাতে দুনিয়াটা মনের মত করে / আমরা বদলে নিতে পারি।’ সুভাষ মুখোপাধ্যায়ের এই ‘চাওয়া’ তাঁর একাধিক কবিতায় বাঙ্ঘয় হয়ে উঠেছিল বলেই তাঁর অনেক কবিতাকেই ‘রাজনৈতিক কবিতা’র আখ্যা দেওয়া হয়েছে।

‘রাজনৈতিক কবিতা’ এই শব্দবন্ধের প্রতি অনেকেরই আপত্তি আছে। অনেকের আবার আপত্তি রাজনীতিতেই। কিন্তু বাস্তবে রাজনীতি বাদ দিয়ে কি এক পা-ও চলা সম্ভব? সম্ভব তো নয়ই; বরং মানুষের রাজনৈতিক সচেতনতাই শুভবোধের জন্ম দিতে পারে। কবি শামসুর রহমান যখন বলেন,

‘ধন্য রাজা ধন্য